গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,কক্সবাজার
(সংস্থাপন শাখা)
www.coxsbazar.gov.bd

স্মারক নং-০৫.২০.২২০০.১০৮.০০৫.০০৩.২০২২- ৩২৫

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
০১ আগষ্ট ২০২২ খ্রিষ্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ এর ১৩ জুন ২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৯.১৯.২০১ নং স্মারক পত্রের পরিপ্রেক্ষিতে কক্সবাজার জেলা প্রশাসনের রাজস্ব শাখাসহ উপজেলা ভূমি অফিসসমূহের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত কক্সবাজার জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৩ (তের)টি | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ;<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |
| ০২ | নাজির কাম ক্যাশিয়ার | ০৮ (আট)টি | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ;<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |
| ০৩ | সার্টিফিকেট পেশকার | ০৭ (সাত)টি | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ;<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |
| ০৪ | সার্টিফিকেট সহকারী | ০৭ (সাত)টি | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ;<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |
| ০৫ | ক্রেডিট চেকিং কাম সায়রাত সহকারী | ০৭ (সাত)টি | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ;<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |
| ০৬ | মিউটেশন কাম সার্টিফিকেট সহকারী | ০৭ (সাত)টি | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ;<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |

চলমান পাতা-০২

আবেদনের শর্তাবলী

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও কক্সবাজার জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে;

০২। প্রার্থীর বয়সসীমা ০১-০৮-২০২২ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য । বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য নহে;

০৩। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভূয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

০৪। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

০৫। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে;

০৬। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উথাপন করা যাবে না;

০৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন /পরিবর্ধন/পরিমার্জন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

০৮। উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় এবং লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে;

০৯। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সকল প্রকার সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে;

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে);

খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;

গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

ঘ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র;

ঙ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

চ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ছ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

জ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা কমান্ডেন্ট আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঝ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/ জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক সনদপত্র;

ঞ) প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সনদ;

ট) ডাউনলোডকৃত Applicant copy এর সত্যায়িত কপি;

ঠ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

ড) কম্পিউটারে দক্ষতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র;

১০। একজন প্রার্থী শুধু মাত্র একটি পদে আবেদন করতে পারবেন;

১১। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে;

১২। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না;

১৩। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না;

চলমান পাতা-০৩

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

১৪। ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://dccox.teletalk.com.bd** এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ
অনলাইনে আবেদনপত্র গ্রহণের শুরুর তারিখ: ০৭-০৮-২০২২, সকাল ১০.০০ টা এবং শেষ তারিখ: **০৬-০৯-২০২২** বিকাল ৫.০০টা উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;
খ. অনলাইন আবেদনপত্রে প্রার্থীতার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) এবং রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন;
গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;
ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন;
ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন print করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থীর নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য ১০০/- (একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বার) টাকা জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে "Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না";
প্রথম SMS: DCCOX<space> User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে
Example: DCCOX ABCDEF & send to 16222
দ্বিতীয় SMS: DCCOX<space>Yes<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে
Example: DCCOX Yes 12345678& send to 16222
চ. প্রবেশপত্রঃ প্রাপ্তির বিষয়টি **http://dccox.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;
ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;
জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন
User ID জানা থাকলে **DCCOX**<space> Help<space>User<space>Use ID & send to 16222
Example: **DCCOX** Help User ABCDEF & send to 16222
PIN Number জানা থাকলে **DCCOX**<space> Help<space>PIN<space>PIN No & send to 16222
Example: **DCCOX** Help PIN 12345678 & send to 16222
ঝ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইটে **http://dccox.teletalk.com.bd** **এবং** **www.coxsbazar.gov.bd-তে** পাওয়া যাবে;
ঞ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
ট.Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা www.coxsbazar.gov.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: DCCOX'SBAZAR, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)
ঠ. ডিক্লারেশন : প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারাণা বা দুর্নীতির

চলমান পাতা-০৪

আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষার নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

০১/০৮/২২

মোঃ মামুনুর রশীদ
জেলা প্রশাসক
কক্সবাজার
ফোন ঃ-০২৩৩৪৪-৬২২০০ ,ফ্যাক্স ঃ-০২৩৩৪৪-৬২২০৬
e-mail:dccoxsbazar@mopa.gov.bd

স্মারক নং-০৫.২০.২২০০.১০৮.০০৫.০০৩.২০২২- ৩২৫ তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ / ০১ আগষ্ট ২০২২ খ্রিষ্টাব্দ

**অনুলিপি: সদয় অবগতির জন্য: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এতে মাঠ প্রশাসন-১ শাখার ১৩/০৬/২০২২ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৯.১৯.২০১ নং স্মারকের যোগসূত্র রয়েছে)
০৩। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
০৫। বিভাগীয় কমিশনার ও সভাপতি, ডিভিশনাল সিলেকশন বোর্ড, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৬। রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ ও সদস্য, ডিভিশনাল সিলেকশন বোর্ড, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৭। জেলা প্রশাসক.....................(সকল)
০৮। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা ও সদস্য, ডিভিশনাল সিলেকশন বোর্ড, চট্টগ্রাম
০৯। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব ও সদস্য সচিব, ডিভিশনাল সিলেকশন বোর্ড, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
১০। সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্মকমিশন, আঞ্চলিক কার্যালয় ও সদস্য, ডিভিশনাল সিলেকশন বোর্ড, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

**অনুলিপি: অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। পুলিশ সুপার, কক্সবাজার
০২। সিভিল সার্জন, কক্সবাজার
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কক্সবাজার
০৪। মেয়র, .....................(সকল), কক্সবাজার
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ.....................(সকল), কক্সবাজার
০৬। উপজেলা নির্বাহী অফিসার.....................(সকল), কক্সবাজার
০৭। সহকারী কমিশনার (ভূমি).....................(সকল)/কক্সবাজার
০৮। দপ্তর প্রধান.....................(সকল) [ তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো ]
০৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা, এ কার্যালয়, কক্সবাজার
১০। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কক্সবাজার
১১। উপ-পরিচালক, জেলা তথ্য অফিসার, কক্সবাজার
১২। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, কক্সবাজার
১৩। প্রোগ্রামার, এ কার্যালয়, কক্সবাজার [বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
১৪। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, -----------------, ঢাকা উক্ত বিজ্ঞাপনটি **০০-০০-২০২২** তারিখের মধ্যে ৯x৬ সাইজের ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য তার বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করে ০৫ (পাঁচ) কপি জেলা প্রশাসক, কক্সবাজার বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো
১৫। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, -----------------, কক্সবাজার উক্ত বিজ্ঞাপনটি **০০-০০-২০২২** তারিখের মধ্যে ০১(এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে প্রকাশ করে পত্রিকার ০৫(পাঁচ) কপি জেলা প্রশাসক, কক্সবাজার বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো
১৬। নোটিশ বোর্ড/অফিস কপি

০১/৮/২০২২

মোঃ মামুনুর রশীদ
জেলা প্রশাসক
কক্সবাজার
ফোন ঃ-০২৩৩৪৪-৬২২০০ ,ফ্যাক্স ঃ-০২৩৩৪৪-৬২২০৬
e-mail:dccoxsbazar@mopa.gov.bd